# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৩৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (১২) ইমামতি ও জামা‘আতে সালাত আদায় প্রসঙ্গে - (জামা‘আতে সালাত আদায় করার ফযীলত) - কোন ব্যক্তি ফরয সালাত আদায় করার নিয়তে বাড়ি থেকে বের হলে, যতক্ষন সে মসজিদে যাওয়ার জন্য হাঁটতে থাকে, ততক্ষন পর্যন্ত মহান আল্লাহ তার জন্য সালাত আদায় করার সাওয়াব লিখে দেন

12 ـ بَابُ الْإِمَامَةِ وَالْجَمَاعَةِ (فَصْلٌ فِي فَضْلُ الْجَمَاعَةُ) [ذِكْرُ كَتْبَةِ اللَّهِ جَلَّ وَعَلَا الصَّلَاةَ لِلْخَارِجِ إِلَى الْمَسْجِدِ يُرِيدُ أَدَاءَ فَرْضِهِ مَا دَامَ يَمْشِي فِي طَرِيقِهِ إِلَى الْمَسْجِدِ]

---

আরবী

2034 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو عَامِرٍ قَالَ: حَدَّثَنَا دَاوُدُ بْنُ قَيْسٍ عَنْ سَعْدُ بْنُ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنِي أَبُو ثُمَامَةَ الْحَنَّاطُ: أَنَّ كَعْبَ بْنَ عُجْرَةَ أَدْرَكَهُ وَهُوَ يُرِيدُ الْمَسْجِدَ قَالَ: فَوَجَدَنِي وَأَنَا مُشَبِّكٌ يَدَيَّ إِحْدَاهُمَا بِالْأُخْرَى قَالَ: فَفَتَقَ يَدَيَّ وَنَهَانِي عَنْ ذَلِكَ وَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا تَوَضَّأَ أَحَدُكُمْ فَأَحْسَنَ وُضُوءَهُ ثُمَّ خَرَجَ عَامِدًا إِلَى الْمَسْجِدِ فَلَا يُشَبِّكَنَّ يَدَهُ فَإِنَّهُ فِي صلاة)
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2034 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((صحيح أبي داود)) (571)

বাংলা

২০৩৪. আবূ সুমামা আল হান্নাত থেকে বর্ণিত, তিনি বলেন যে, একবার কা‘ব বিন উজরাহ রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে তার সাক্ষাৎ হয়, এসময় তিনি মাসজিদে যাচ্ছিলেন। অতঃপর তিনি আমাকে দেখতে পান যে, আমি আমার এক হাতের আঙ্গুলগুলোকে অন্য হাতের আঙ্গুলের মাঝে ঢুকিয়ে রেখেছি, তখন তিনি আমার আঙ্গুলগুলো অবমুক্ত করেন এবং তিনি আমাকে এমন করতে নিষেধ করেন। অতঃপর বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ উত্তমরূপে ওযূ করে তারপর মসজিদের উদ্দেশ্যে রওয়ানা হয়, তবে সে যেন তার হাতের আঙ্গুলগুলোকে পরস্পরের মাঝে ঢুকিয়ে না দেয়। কেননা সে সালাতের মধ্যেই রয়েছে।”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ৫৬২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৭৫; মুসনাদ আহমাদ: ৪/২৪১; তাবারানী: ১৯/৩৩২; সুনান বাইহাকী: ৩/২৩০; তিরমিযী: ৩৮৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৩৩৪; দারেমী: ১/৩২৭।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সুমামা আল হান্নাত (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91352

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন